মিরপুরে বিদেশি পিস্তল-রিভলবারসহ ‘শুটার জাকির’ গ্রেফতার

ছবি: সংগৃহীত

রাজধানীর মিরপুর এলাকায় দীর্ঘদিন ধরে অস্ত্রের ভয় দেখিয়ে সন্ত্রাসী কর্মকাণ্ড ও আধিপত্য বিস্তারের অভিযোগ রয়েছে মো. জামিল হোসেন ওরফে শুটার জাকির ওরফে মো. জাকির ওরফে খালাতোর (৪৮) বিরুদ্ধে। বিদেশি পিস্তল, রিভলবার ও চার রাউন্ড গুলিসহ তাকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) মিরপুর বিভাগ।

বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) রাজধানীর মিন্টো রোডে ডিএমপির মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের অতিরিক্ত কমিশনার মো. শফিকুল ইসলাম।

তিনি বলেন, বুধবার রাত ১১টা ২০ মিনিটের দিকে মিরপুর এলাকায় অভিযান চালিয়ে জাকিরকে গ্রেফতার করা হয়। অভিযানের সময় তার কাছ থেকে একটি বিদেশি পিস্তল উদ্ধার করা হয়। পিস্তলের ম্যাগজিনে ছিল দুই রাউন্ড গুলি। এ ছাড়া একটি কালো রঙের বিদেশি রিভলবার, রিভলবারের চেম্বারে থাকা দুই রাউন্ড গুলি এবং একটি খালি ম্যাগজিনও জব্দ করা হয়েছে।

প্রাথমিক তদন্তে পাওয়া তথ্যের কথা তুলে ধরে মো. শফিকুল ইসলাম বলেন, জাকির একজন পেশাদার সন্ত্রাসী ও অস্ত্রধারী শুটার। দীর্ঘদিন ধরে অস্ত্র ব্যবহার করে ভয়ভীতি সৃষ্টি এবং মিরপুর এলাকায় আধিপত্য ধরে রাখার চেষ্টা করছিল সে। তার কাছে অস্ত্র থাকার তথ্য পাওয়ার পর ডিবির মিরপুর বিভাগ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।

তিনি আরও বলেন, বিগত আওয়ামী লীগ সরকারের সময়ে কথিত শীর্ষ সন্ত্রাসী তানভীর ইসলাম জয়ের সহযোগী হিসেবে মিরপুর এলাকায় কাজ করত জাকির বলে প্রাথমিকভাবে তথ্য পাওয়া গেছে। পরে জয় নিহত হওয়ার পর অপরাধীচক্রের আরেক সদস্য তাজকীরের সহযোগী হিসেবেও সে কার্যক্রম চালিয়ে আসছিল বলে তদন্তে উঠে এসেছে। তবে এসব তথ্য আরও যাচাই করা হচ্ছে।

ডিবির অতিরিক্ত কমিশনার জানান, গত ৭ জুলাই রাতে সেনপাড়া পর্বতা এলাকায় আধিপত্য বিস্তার ও ভাগ-বাটোয়ারাকে কেন্দ্র করে মিরপুর থানা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক মো. সাইফুল ইসলাম সিজুকে হত্যার উদ্দেশ্যে গুলি করা হয়।

ওই ঘটনার পর জাকির পালিয়ে যেতে সক্ষম হলেও তার সহযোগী শুটার কাওছার ভূঁইয়া ওরফে শান্ত ওরফে এসবিকে অস্ত্র ও গুলিসহ গ্রেফতার করা হয়েছিল।

তিনি জানান, এ ঘটনায় মিরপুর মডেল থানায় দুটি মামলা করা হয়েছে। একটি হত্যার উদ্দেশ্যে হামলা ও গুরুতর জখমের অভিযোগে এবং অপরটি অস্ত্র আইনে দায়ের করা হয়। মামলা দুটি বর্তমানে মিরপুর মডেল থানা পুলিশ তদন্ত করছে।

মো. শফিকুল ইসলাম বলেন, গ্রেফতার জাকিরের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে। তার সঙ্গে আর কারা জড়িত এবং মিরপুর এলাকায় তার অপরাধী নেটওয়ার্কে অন্য কারও সম্পৃক্ততা রয়েছে কি না, তা তদন্ত করে দেখা হচ্ছে।